যুগান্তর

7 NOV 20

তারিখ ....
পৃষ্ঠা ... কলাম ...

জেএসসি ও জেডিসি

ইংরেজি পরীক্ষায় শিক্ষকসহ ৮১ জন বহিষ্কার

যুগান্তর রিপোর্ট

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার তৃতীয় দিনে মঙ্গলবার ২ শিক্ষক ও ৭৯ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদিন ছিল ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা। তিনজনের মধ্যে এদিন সবচেয়ে বেশি পরীক্ষার্থী বহিষ্কৃত হলো। বহিষ্কৃতদের মধ্যে মাদ্রাসা বোর্ডে সর্বোচ্চ ২৭ জন রয়েছে। এদিকে এই পরীক্ষায় শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের তত্ত্বাবধানে নকলের প্রবণতা অব্যাহত রয়েছে। অভিযোগ রয়েছে, পরীক্ষা কেন্দ্রের বাইরে ব্যাপক কড়াকড়ি করা হলেও ভেতরে নকলের ঘটনা ঘটছে। এ প্রবণতা ইংরেজি পরীক্ষায় বেড়ে গিয়েছিল। আজ ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষায়ও একই ঘটনা ঘটতে পারে। এ কারণে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রগুলোতে মন্ত্রণালয় ও বোর্ডের টিম পাঠানোর দাবি জানানো হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়, বহিষ্কৃতদের মধ্যে সাধারণ শিক্ষাবোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে ২৩, রাজশাহী বোর্ডে ২, কুমিল্লা বোর্ডে ৬, যশোর বোর্ডে ২, চট্টগ্রাম বোর্ডে ১, বরিশাল বোর্ডে ১৮, দিনাজপুর বোর্ডে ২ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মাদ্রাসা বোর্ডে সর্বোচ্চ ২৭ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছে। এছাড়া রাজশাহী ও মাদ্রাসা বোর্ডে একজন করে মোট দু'জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। মঙ্গলবার জেএসসি ও জেডিসি পরীক্ষায় ১৮ লাখ ১০ হাজার ৯৭২ জন পরীক্ষার্থী অংশ নেয়ার কথা। কিন্তু অংশ নিয়েছে ১৭ লাখ ৬৩ হাজার ৫৯৫ জন। পরীক্ষায় অনুপস্থিত ছিল ৪৭ হাজার ৩৭৭ জন। এর মধ্যে জেএসসি পরীক্ষায় ১৪ লাখ ৮৫ হাজার ৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নেয় ১৪ লাখ ৪৫ হাজার ২৩৫ জন। আর জেডিসিতে ৩ লাখ ২৫ হাজার ৯০৯ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে শুধু জেএসসি পরীক্ষায় অনুপস্থিত ৩৯ হাজার ৮২৮ জন ও জেডিসিতে ৭ হাজার ৫৪৯ জন। অনুপস্থিত শিক্ষার্থীর মধ্যে ঢাকা বোর্ডে ১৭ হাজার ৪৭২, চট্টগ্রাম বোর্ডে ৩ হাজার ৫১৪, রাজশাহী বোর্ডে ৩ হাজার ২৪২, বরিশাল বোর্ডে ২ হাজার ৮৭৬, সিলেট বোর্ডে ১ হাজার ১৬৫, দিনাজপুর বোর্ডে ১ হাজার ২০৩, কুমিল্লা বোর্ডে ১ হাজার ৭৫৯ এবং যশোর বোর্ডে ৮ হাজার ৫৯৭ জন আর মাদ্রাসা বোর্ডে অনুপস্থিত ছিল ৭ হাজার ৫৪৯ জন।